দৈনিক খবর

তারিখ ... 29 OCT 1990 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

১৮

০১

সর্বদলীয় ছাত্র ঐক্যের সমাবেশ

# কর্মসূচী ঘোষণা ।। তালা ঝুলানোর হুঁশিয়ারি

।। স্টাফ রিপোর্টার ।।

আগামী ৮ই নভেম্বর রাষ্ট্রপতির সচিবালয় অভিমুখে মিছিলসহ বিভিন্ন কর্মসূচী ঘোষণা করে সর্বদলীয় ছাত্র ঐক্য বলেছে, অবিলম্বে কলেজ-বিশ্ববিদ্যালয়সহ বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান না খুললে আমরা সচিবালয়ে তালা ঝুলাবো।

দেশব্যাপী আহূত প্রতিরোধ দিবসে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে গতকাল রোববার শহীদ নূর হোসেন স্কোয়ারে আয়োজিত সমাবেশে একথা বলা হয়। ছাত্রলীগ (সা-সা) সভাপতি আবদুস সাত্তার খানের সভাপতিত্বে এ সমাবেশে বক্তৃতা করেন গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের সুজাউদ্দিন জাফর, জাতীয় ছাত্র ঐক্যের সুশান্ত মিশ্র ও ছাত্র ফেডারেশনের ফয়জুল হাকিম।

সমাবেশে ন্যাপ নেতা পংকজ ভট্টাচার্যকে গ্রেফতার করায় তীব্র ক্ষোভ প্রকাশ করে বলা হয়, গ্রেফতার-নির্যাতন চালিয়ে আন্দোলন বন্ধ করা যাবে না। আন্দোলন বন্ধের জন্য সরকার ইতিমধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল বন্ধ ঘোষণা করেছেন। কিন্তু আন্দোলন থামেনি।

সমাবেশে অবিলম্বে বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী জানিয়ে বলা হয়, সরকার আমাদের কলেজ-বিশ্ববিদ্যালয়ে তালা ঝুলিয়েছে, আমরা সরকারের সচিবালয়ে তালা ঝুলাবো।

সমাবেশে ঘোষিত কর্মসূচীতে

২-এর পাতায় দেখুন

## কর্মসূচী ঘোষণা ।। তালা

প্রথম পৃষ্ঠার পর

রয়েছে আগামী ৩১শে অক্টোবর থেকে ৩রা নভেম্বর পর্যন্ত দেশের ১৩টি স্থানে ছাত্র জনসভা। এতে কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখবেন। ৩১শে অক্টোবর বরিশাল, সিলেট, দিনাজপুর, উল্লাপাড়া, ১লা নভেম্বর ফরিদপুর, কুমিল্লা, রংপুর, পাবনা, ২রা নভেম্বর মাগুরা, নোয়াখালী, বগুড়া, কুষ্টিয়া ও ৩রা নভেম্বর যশোর এবং ৫ই নভেম্বর আদমজীতে ছাত্র-শ্রমিক জনসভা অনুষ্ঠিত হবে। ৬ই নভেম্বর জেলা পর্যায়ে জেলা পরিষদ কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন এবং ৮ই নভেম্বর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের কালো অধ্যাদেশ বাতিল, বিশ্ববিদ্যালয়সহ বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবীতে ও সরকারের অপসারণের লক্ষ্যে রাষ্ট্রপতির সচিবালয় অভিমুখে ছাত্র মিছিল করবে।

এছাড়া ছাত্র ঐক্য বিভিন্ন জোট ও দল আহূত আগামী ১০ই নভেম্বরের হরতালসহ অন্যান্য কর্মসূচীর প্রতি সমর্থন ঘোষণা করেছে।

সমাবেশের আগে ছাত্রদের একটি বিক্ষোভ মিছিল মধুর ক্যান্টিন থেকে জিরো পয়েন্টের দিকে যাত্রা করে। মিছিলটি টিএসসি অতিক্রম করার সাথে সাথে পুলিশ মিছিলের দুই পাশে অবস্থান নিয়ে ছুটতে থাকে এবং পুলিশ কর্ডনের মধ্যে মিছিলটি জিরো পয়েন্টের কাছে পৌছায়। সেখানেও পুলিশ সমাবেশের চারদিকে ঘিরে রাখে।

### ছাত্রলীগ (হা-অ)

সরকার ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের অধ্যাদেশ বাতিল ও অবিলম্বে বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবীতে গতকাল ছাত্রলীগ (হা-অ) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল শেষে মধুর ক্যান্টিনের সামনে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী।